

## চাষাবাদ ও ফল-ফসল

আমাদের উদ্দেশ্য করে মহান আল্লাহ বলেছেন-

তোমরা যে চাষাবাদ কর, এ সম্পর্কে ভেবে দেখেছ? ফল-ফসল তোমরা উৎপন্ন কর, না আমি করি? আমি চাইলে সব খড়কুটায় পরিনত হবে। তোমরা তখন হতাশ হয়ে যাবে। (বলবে: হয় হয়!) আমরা ঋনগ্রস্ত ও বঞ্চিত হয়ে গেলাম। (ওয়াকিয়াহ: ৬৩-৬৭)

### লক্ষনীয় বিষয় সমূহঃ

১. মানুষের রিজিক জমি থেকে উৎপন্ন হয়। রিজিক উৎপাদনের এ পদ্ধতিটি সম্পূর্ণ রূপে আল্লাহর নিয়ন্ত্রণে।
২. মানুষ মেহনত করে জমি চাষ করে। বীজ বপন করে, গাছ লাগায়, জমি ও গাছের পরিচর্চা করে।
৩. কিন্তু কোন গাছে ফল ধরানোর ক্ষমতা বা সাধ্য মানুষের নাই। নাই কোন ব্যক্তির, সংস্থার বা সরকারের।
৪. জমিতে যে ধান, গম, ফল, ফসল বা সজি উৎপন্ন হয়। সব হয় আল্লাহর দয়ায়।
৫. নাস্তিকরা মনে করে: সব হয় প্রাকৃতিক নিয়মে। আসলে প্রাকৃতিক নিয়মে নয়। সব হয় আল্লাহর হুকুমে।
৬. মাঝে মাঝে ফল ফসল কম হয় বা মোটেই হয়না। অনেকই মনে করে: এমন হয় আব-হাওয়ার কারণে। আসলে এমনটি হয় আল্লাহর ইচ্ছায়। আল্লাহ ইচ্ছা মত আব-হাওয়া বদলে দিয়ে এমনটি করে থাকেন।
৭. ফল ফসল বেশী হলে মানুষ খুশী হয়। আর কম হলে হাঁ-হতাশ শুরু করে। ইহা মানুষের স্বভাব।
৮. আসলে রিজিকের মালিক আল্লাহ। জমি বা গাছ রিজিক দাতা নয়। রিজিকের মাধ্যম মাত্র।
৯. ফসল কম হলে বা না হলেও আল্লাহই রিজিকের ব্যবস্থা করেন। দুনিয়া বাসী খাদ্যাভাবে ধুংস হয়ে যায়নি।
১০. হাঁ হতাশ না করে আল্লাহর উপর ভরসা রাখা উচিত।

### আকাইদঃ

১. আল্লাহ সর্বময় ক্ষমতার অধিকারী। আসমান ও যমীনের সকল কর্তৃত্ব আল্লাহর।
২. প্রকৃতি কিছুই করতে পারেনা। যা কিছু হয় সব আল্লাহর হুকুমে হয়। প্রকৃতি পরিবর্তিত হয় আল্লাহর ইচ্ছায়।
৩. আল্লাহ সকলের রিজিক দাতা। ফল ফসল উৎপন্ন হয় আল্লাহর করুনায়।
৪. আমাদের উচিত হাঁ হতাশ না করে আল্লাহর উপর তাওয়াক্কুল করা।

### ফিক্বহঃ

১. হালাল রোজি অন্ত্রেষন করা মানুষের ফরজ দায়িত্ব।
২. চাষাবাদ করা ভাল পেশা, নবীর রাসূলগণের সুন্নাত।
৩. নিজে মেহনত করে খাওয়া মুস্তাহাব। (এক বর্ণনায় এসেছে রাসূল সাঃ বলেছেন: যে ব্যক্তি নিজের জন্য কাজ করল সে আল্লাহর রাস্তায়। যে ব্যক্তি পরিবারের জন্য কাজ করল সে আলাহর রাস্তায়। আর যে ব্যক্তি বিলাসিতার জন্য কাজ করল সে শয়তানের রাস্তায়।)

### ফজিলতঃ

১. বৃক্ষ রোপন সাদাক্বাহ জারিয়াহ (প্রবাহমান দান)। আপনার লাগানো গাছ থেকে যতদিন আল্লাহর সৃষ্টি উপকৃত হবে ততদিন এ সাদাক্বাহ অব্যাহত থাকবে। এর ছোয়াব আপনি পেয়েই যাবেন।
২. একটি গাছ থেকে মানুষ পশু-পাখি, পরিবেশ ও জল-বায়ু উপকৃত হয়। যেমনঃ
  - ক. গাছের ফল মানুষ ও পশু-পাখির খাদ্য।
  - খ. গাছের পাতা ও কাণ্ড দ্বারা মানুষ, পশু-পাখি ছায়া পায়। মানুষ জ্বালানী রূপে ব্যবহার করে। পাতা পঁচে মাটির উর্বরতা বৃদ্ধি পায়।
  - গ. গাছ কার্বন ড্রাই ওকসাইড খায়, অক্সিজেন উৎপাদন করে, যা মানব স্বাস্থ্য ও পরিবেশের ভারসাম্য বজায়

রাখতে সহায়ক হয়।

ঘ. গাছ মাটি ভাঙ্গন রোধে সহায়ক যা সরাসরি মানুষের উপকারে আসে।

ঙ. গাছের কাণ্ড দিয়ে কাঠ হয়। কাঠ মানব জীবনে অনেক কাজে ব্যবহৃত হয়।